# শিক্ষানীতি সংক্রান্ত

( ৩য় পৃঃ পর )

নির্মাণ, বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্র ও শিক্ষা উপকরণ সরবরাহের ব্যাপারে প্রাথমিক বিদ্যালয়গুলিতে অতীতের তুলনায় বর্তমানে তুলনামূলকভাবে বেশী গুরুত্ব দেওয়া প্রয়োজন ?

১২। আপনি কি মনে করেন যে, শ্রেণীকক্ষের শিক্ষা জোরদার করার জন্য রেডিও, টেলিভিশন ও ডাক যোগাযোগের মাধ্যমে শিক্ষাদান 'দূর-শিক্ষণ' কর্মসূচী প্রবর্তন করা প্রয়োজন ?

## প্রস্তুতি পর্ব, মাধ্যমিক স্তর ও উচ্চ মাধ্যমিক স্তর

১। ক) আপনি কি মনে করেন যে, মাধ্যমিক স্তরে প্রবেশের জন্য ষষ্ঠ শ্রেণী হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত সময়কে 'প্রস্তুতি পর্ব' হিসাবে গণ্য করিয়া 'নিম্ন মাধ্যমিক স্তর' (বর্তমানে যেরূপ আছে) হিসাবেই চালু রাখা সমীচীন।

২। প্রস্তুতি পর্বের শিক্ষার প্রধান উদ্দেশ্য হওয়া উচিত ঃ

ক) নাগরিক জ্ঞানের বিকাশ
খ) ভারী পেশা সম্পর্কে প্রস্তুতিমূলক জ্ঞান লাভ
গ) ভিন্নমত।

৩। আপনি কি মনে করেন, প্রকৃত বৃত্তিমূলক প্রশিক্ষণ একাদশ শ্রেণী হইতে শুরু করিয়া দ্বাদশ শ্রেণী পর্যন্ত হওয়া প্রয়োজন ?

৪। কেবলমাত্র উচ্চ মাধ্যমিক স্তরে অর্থাৎ একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বহুমুখী শিক্ষা ব্যবস্থা চালু রাখা উচিত বলিয়া মনে করেন কি।

৫। দশম শ্রেণীর পর উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার ক্ষেত্রে প্রবেশের ব্যবস্থা—

ক) সকলের জন্য উন্মুক্ত থাকিবে।
খ) কেবল মেধাবী ছাত্রের জন্য উন্মুক্ত থাকিবে।
গ) শ্রেণীর মান ও সংস্থান জাতীয় প্রয়োজন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।
ঘ) ভিন্নমত।

৬। একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বহুমুখী বৃত্তিমূলক শিক্ষার জন্য প্রারম্ভিকভাবে প্রতি থানার একটি বিদ্যালয় নির্বাচিত করা উচিত এবং পরবর্তী পর্যায়ে কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষার জন্য অনুরূপভাবে প্রতি থানায় গড়ে পাঁচটি স্কুল প্রতিষ্ঠিত হওয়া আবশ্যক মনে করেন কি ?

৭। বর্তমানে চালু বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলি বিদেশে চাকুরী প্রাপ্তির সুবিধার জন্য বিশেষ প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করা প্রয়োজন।

ক) হাঁ
খ) না
গ) ভিন্নমত।

৮। ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট ও উচ্চ মাধ্যমিক কারিগরি বিদ্যালয়ের শিক্ষক তৈরীর উদ্দেশ্যে কি ব্যবস্থা গ্রহণ করা যায় ?

ক) পলিটেকনিক ইনষ্টিটিউটগুলির পাঠ্য সূচীর পরিমার্জন।
খ) পৃথক কোন প্রতিষ্ঠানের ব্যবস্থা।
গ) ভিন্নমত।

৯। পলিটেকনিক ইনষ্টিটিউটের ডিপ্লোমাকে প্রকৌশল ডিগ্রির প্রথম দু'বছরের সমমর্যাদা দেওয়া যুক্তিযুক্ত মনে করেন কি ?

১০। পলিটেকনিক ইনষ্টিটিউটের ডিপ্লোমা প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের উচ্চ শিক্ষায় সুযোগদানের উদ্দেশ্যে বর্তমান সিলেবাসের মৌলিক কোর্সের পরিবর্ধন করার প্রয়োজন আছে কি ?

১১। প্রকৌশল মহাবিদ্যালয়গুলির পলিটেকনিক ও মনোটেকনিক ইনষ্টিটিউটগুলির শিক্ষকবৃন্দের প্রশিক্ষণের দায়িত্ব দেওয়া যায় কি ?

১২। বর্তমানে সকল স্তরের কারিগরি প্রতিষ্ঠানগুলিতে সমস্যা নিরসনের জন্য নীচের কোন ব্যবস্থাটি উত্তম বলিয়া মনে করেন ?

ক) উচ্চ হারে প্রারম্ভিক বেতন নির্ধারণ।
খ) ডিগ্রীলাভের পর অন্ততঃ দুই বৎসরের মধ্যে বিদেশ গমন নিষিদ্ধকরণ।
গ) উপরের দুইটি/ভিন্নমত।

১৩। দেশের ১৬টি কমার্শিয়াল ইনষ্টিটিউটের উন্নতিকল্পে নীচের কোন ব্যবস্থাটি যুক্তিযুক্ত মনে করেন ?

ক) কর্মসংস্থানের প্রয়োজনে শিক্ষাক্রমের সংস্কার ও উন্নয়ন।
খ) উপযুক্ত শিক্ষক নিয়োগ।
গ) ভিন্নমত।

## কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা

১। শিক্ষার প্রস্তুতি পর্বে অষ্টম শ্রেণীর শেষে স্কুলত্যাগী ছাত্র-ছাত্রীদের জন্য কমিউনিটি স্কুলের মাধ্যমে বিভিন্ন ট্রেড শিক্ষাদানের ব্যবস্থাকে যুক্তিযুক্ত মনে করেন কি ?

ক্রমান্বয়ে সব রকমের স্কুলে সাধারণ শিক্ষার পাশাপাশি ট্রেড শিক্ষাদানের ব্যবস্থা করার দরকার আছে কি ?

৩। মাধ্যমিক স্তরের একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বৃত্তিমূলক শিক্ষার পৃথক কোর্স থাকা উচিত বলিয়া মনে করেন কি ?

৪। প্রথমে প্রতি থানায় একটি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/দ্বাদশ [illegible] কোর্স চালু করিয়া ক্রমে ক্রমে তা বাড়াইয়া প্রতি থানায় অন্ততঃ ৫টি বৃত্তিমূলক কোর্স প্রবর্তন করা উচিত বলিয়া মনে করেন কি ?

৫। একাদশ/দ্বাদশ শ্রেণীতে একাধিক বৃত্তিমূলক কোর্স থাকা উচিত বলিয়া মনে করেন কি ?

৬। যে সকল উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বৃত্তিমূলক কোর্স সমূহ থাকিবে সেখানে সাধারণ শিক্ষার কোর্সসমূহ পাশাপাশি থাকা যুক্তিপূর্ণ কি ?

৭। বর্তমানে চালু ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউটগুলি পেশামূলক প্রশিক্ষণের মধ্যে সীমাবদ্ধ থাকা এবং বিদেশের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণ দেওয়া সমীচীন মনে করেন কি ?

৮। বর্তমান পরীক্ষা পদ্ধতির পরিবর্তে দশম শ্রেণীর শেষে শিক্ষার্থীদের বোধগম্যতা, মানসিক প্রবণতা ও কৃতিত্ব নির্ধারণের জন্য বিশেষ মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন হওয়ার আবশ্যকতা আছে কি ?

৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পরেই শিক্ষার্থীরা উচ্চ শিক্ষার বিভিন্ন শাখায় ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করে বলিয়াই উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল পরীক্ষা গ্রহণের পরে কত কম সময়ের মধ্যে প্রকাশ করা উচিত ?

ক)………
খ)………
গ)………

১০। শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র অসন্তোষের সম্ভাব্য কারণ কি ?

ক) শিক্ষা ব্যবস্থার ত্রুটি বিচ্যুতি
খ) শিক্ষার মানের দ্রুত অবনতি
গ) শিক্ষাঙ্গনে রাজনৈতিক হস্তক্ষেপ
ঘ) ভিন্নমত।

## উচ্চ শিক্ষা

১। আপনি কি মনে করেন, উচ্চ শিক্ষার দ্বার সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত হইবে ?

২। উপরের উত্তরটি 'না' বাচক হইলে উহা মেধা ও প্রবণতা এবং দেশের প্রয়োজনের ভিত্তিতে নির্বাচনমূলক হওয়া উচিত কি ?

৩। উচ্চ শিক্ষার জন্য নির্বাচিত মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনার ব্যয় সরকারের গ্রহণ করা সংগত কি ?

৪। উচ্চ শিক্ষার মান উন্নয়নের জন্য ডিগ্রীস্তরের শিক্ষাকে ৩ বৎসরে উন্নীত করার প্রস্তাবকে কি আপনি সমর্থন করেন ?

৫। 'স্নাতক সম্মান' ডিগ্রী তুলিয়া দিয়া সকল ছাত্রের জন্য একই ডিগ্রী ব্যবস্থা প্রবর্তন সমীচীন কি ?

৬। বর্তমান কলেজ ব্যবস্থায় পুঁথিগত বিদ্যার (ACADIMIC STADY) পরিবর্তে দেশ ও সমাজের প্রয়োজন ভিত্তিক শিক্ষা কোর্স প্রবর্তিত হওয়া উচিত কি ?

৭। পৃথিবীর বিভিন্ন দেশের ন্যায় আমাদের দেশেও কর্মরত ব্যক্তিদের উচ্চ শিক্ষার সুবিধাদানকল্পে এবং কর্মের জগতের সহিত শিক্ষা জগতের সংযোগ সাধন কল্পে বিশ্ববিদ্যালয় সমূহে সান্ধ্যক্লাশের ব্যবস্থা থাকা উচিত। আপনি এটা সমর্থন করেন কি ?

## শিক্ষক প্রশিক্ষণ

১। বর্তমানে প্রাথমিক শিক্ষকদের মধ্যে যে প্রশিক্ষণবিহীন শিক্ষক রয়েছেন, তাহাদের প্রশিক্ষণের জন্য অবিলম্বে জরুরীভিত্তিক কার্যক্রম গ্রহণ যুক্তিযুক্ত মনে করেন কি ?

২। কিছু সংখ্যক প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউটকে (পি, টি আই) উল্লিখিত জরুরী ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রমের দায়িত্ব অর্পণ করা যায় কি ?

৩। শিক্ষকতার মান উন্নীত করার জন্য প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণের মেয়াদ এক বৎসর হইতে দুই বৎসরে উন্নীত করার প্রস্তাবকে আপনি সমর্থনযোগ্য মনে করেন কি ?

৪। প্রাথমিক স্তরে অধিক সংখ্যক শিক্ষক নিয়োগের সম্ভাবনা থাকায় একাদশ ও দ্বাদশ শ্রেণীতে একটি বিষয় হিসাবে 'শিক্ষক প্রশিক্ষণ' প্রবর্তন যুক্তিযুক্ত মনে করেন কি ?

৫। প্রাথমিক স্কুল শিক্ষকদের সঞ্জীবণী প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজনে প্রতি জেলা সদরে একটি পি,টি,আই কে কর্মকালীন প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে পরিবর্তিত করা সমর্থন যোগ্য কি ?

৬। মৌলিক শিক্ষা একাডেমীকে একটি নিয়মিত কর্মসূচী হিসেবে নির্দিষ্ট সময়কালের ব্যবধানে পি,টি.আই শিক্ষকদের সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব অর্পণ করা সমীচীন মনে করেন কি ?

৭। শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষকদের শিক্ষকতার মান উন্নয়ন ও নবতর ভাব ধারার প্রবর্তনে নিয়মিত কর্মকালীন প্রশিক্ষণ ব্যবস্থা চালু থাকা সমীচীন মনে করেন কি ?

৮। মাধ্যমিক স্তরে বিপুল সংখ্যক প্রশিক্ষণবিহীন শিক্ষককে প্রশিক্ষণ দানে 'দূর শিক্ষণ' কর্মসূচীকে আপনি সমর্থন করেন কি ?

৯। কলেজ পর্যায়ের শিক্ষকদের কর্মপূর্ব ও কর্মকালীন প্রশিক্ষণের প্রয়োজন আছে কি ?

১০। মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য টি, টি, কলেজের বর্তমান ১০ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সের স্থলে দ্বাদশ শ্রেণীর পর ৩ বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্স চালু করা উচিত